

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ঐনং সাপ্তিবাড়ী ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘরঃ সাপ্তিবাড়ী/ভেলাবাড়ী, উপজেলাঃ আদিতমারী, জেলাঃ লালমনিরহাট।

Web: saptibari.lalmonirhat.gov.bd

সভার মন্তব্যের অনুলিপি

সভাপতি	ঃ জনাব আলহাজ্ব আব্দুস সোহরাব, চেয়ারম্যান, ঐনং সাপ্তিবাড়ী ইউপি।
সভার স্থান	ঃ অত্র ইউপি কমপ্লেক্স ভবন মাঠ।
তারিখ ও সময়	ঃ ২২/০৮/২০২৪ ইং সময় সকাল: ১১.০০ ঘটিকা
সভায় উপস্থিতি	ঃ (পরিশিষ্ট-ক) তে সভায় উপস্থিত সভ্যগণের উপস্থিতি

ক্র: নং	নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	আলহাজ্ব মোঃ আব্দুস সোহরাব	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
০২	জোসনা রানী রায়	ইউপি সদস্য(সংরক্ষিত ১,২ ও ৩)	সদস্য	"
০৩	মোছাঃ নুরনাহার বেগম	ইউপি সদস্য(সংরক্ষিত ৪,৫ ও ৬)	সদস্য	"
০৪	মোছাঃ শাহিনা বেগম	ইউপি সদস্য(সংরক্ষিত ৭,৮ ও ৯)	সদস্য	"
০৫	মোঃ মঞ্জুরুল আলম	ইউপি সদস্য	সদস্য	"
০৬	মোঃ নুরুল ইসলাম	ইউপি সদস্য	সদস্য	"
০৭	মোঃ আব্দুর রশিদ	ইউপি সদস্য	সদস্য	"
০৮	মোঃ সৈয়দ আলী	ইউপি সদস্য	সদস্য	"
০৯	মোঃ মিজানুর রহমান	ইউপি সদস্য	সদস্য	"
১০	মোঃ হাফিজুল ইসলাম	ইউপি সদস্য	সদস্য	"
১১	মোঃ সামছুল আলম বকুল	ইউপি সদস্য	সদস্য	"
১২	মোঃ আব্দুল খালেক সিদ্দিক	ইউপি সদস্য	সদস্য	"
১৩	মোঃ নূর আলম মিয়া	ইউপি সদস্য	সদস্য	"
১৪	জনাব আশীষ কুমার রায়	ইউপি সচিব	সদস্য সচিব	"

আলোচ্য বিষয়:-

- (০১) গত সভার কার্যাবলী পাঠ, পর্যালোচনা ও অনুমোদন।
- (০২) অসুস্থজনিত কারণে চেয়ারম্যানের ছুটি ও দায়িত্ব অর্পন প্রসঙ্গে।
- (০৩) বিবিধ

অদ্যকার সভায় জনাব আলহাজ্ব আব্দুস সোহরাব, চেয়ারম্যান, ঐনং সাপ্তিবাড়ী ইউপি মহোদয়ের সভাপতিত্বে সভার কাজ আরাষ্ট্র করা হয়।

ক্রমিক- ১। উক্ত ক্রমিকে গত সভার মন্তব্য সমূহ পাঠ করে শুনানো হয়। এতে কারও কোন আপত্তি না থাকায় উপস্থিত সকলের সম্মতিতে গৃহীত হয়।

ক্রমিক- ২। উক্ত ক্রমিকে সভাপতি ও চেয়ারম্যান, ঐনং সাপ্তিবাড়ী ইউনিয়ন পরিষদ মহোদয় বলেন যে, আমার শারীরিক অসুস্থতায় চিকিৎসা ও বিশ্রামের প্রয়োজন হেতু ০৩(তিন)মাসের ছুটি দরকার। এই ০৩(তিন)মাসের ছুটিকালীন সময়ে পরিষদের যাবতীয় কার্যক্রম পরিচালনার জন্য চেয়ারম্যানের প্যানেল থেকে একজনকে দায়িত্ব পালন করিতে হইবে। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে সভায় উপস্থিত সদস্যগণ ০১নং ও ০২নং প্যানেল চেয়ারম্যানগণের দায়িত্ব পালনের বিষয়ে অসম্মতি প্রকাশ করিয়া ০৩নং প্যানেল চেয়ারম্যান মোঃ হাফিজুল ইসলামকে পরিষদের দায়িত্ব পালনের জন্য নির্বাচিত করেন। উক্ত বিষয়ে বিশদ আলোচনান্তে সভা সর্বসম্মতিক্রমে আগামী ২৭/০৮/২০২৪ইং তারিখ হইতে ২৭/১১/২০২৪ইং তারিখ পর্যন্ত চেয়ারম্যানের ছুটি মঞ্জুর করিয়া মোঃ হাফিজুল ইসলাম, প্যানেল চেয়ারম্যান-৩ কে পরিষদের আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার দায়িত্ব অর্পন করেন। সভায় গৃহিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত হইল।

বিবিধ আলোচনায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

স্বাক্ষরিত
সভাপতি